গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৮/ ১৫ তারিখ: ১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ০৪/২০২৩)**

**বিষয়ঃ “Acrylic Polymer in Primary Form” নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Friend International এর ০৪/১০/২০২২ খ্রিঃ তারিখের আবেদন।

Friend International নামক প্রতিষ্ঠান “Acrylic Polymer in Primary Form” নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Friend International |
| আবেদনকারীর ঠিকানা | Friend International, Abid Poribar, Police Line, Fatullah, Narayanganj. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Acrylic Polymer in Primary Form |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Paste Form in Drum |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | China |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | 3906.90.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Acrylic Polymer in Primary Form পণ্যটি Textile Industries Finishing Agent এর ক্ষেত্রে ব্যবহৃত হবে। পণ্যটি Paste Form in Drum প্রকৃতিতে আমদানি করা হবে। পণ্যের গঠন উপাদান হচ্ছে Polyacrylate, Rutile ($TiO_2$), Paraffin, waxes and Hydrocarbon waxes, Propane-1, 2-diol, Polyacrylate Thickener, Ammonia, Aqueous solution, water.

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারকের চাহিত এইচ এস কোড 3906.90.00 যা Bangladesh Customs Tariff Schedule এর বর্ণনা অনুযায়ী -Poly (methyl methacrylate) ভিন্ন সকল Acrylic polymers in primary form এর শ্রেণিবিন্যাসের জন্য প্রযোজ্য। primary form এর বর্ণনায় The Explanatory Notes of the Harmonized System 2022 edition (HS) by World Customs Organization এর page VII-39-11 তে বলা হয়েছে, “...these liquids or pastes may contain other materials such as plasticisers, stabilizers, fillers and coloring matter, chiefly intended to give the finished products special properties or other desirable characteristics.” অর্থাৎ এর সাথে other materials যোগ করা হলেও তা primary form এর হতে পারে, তবে একই পৃষ্ঠায় বলা হয়েছে,

"when as a result of the addition of certain substances, the resultant products answer to the description in a more specific heading elsewhere in the Nomenclature, they are excluded from Chapter 39,…".

হেডিং 32.15 তে শ্রেণিবিন্যাসযোগ্য Printing Inks (or colors) এর বর্ণনায় বলা হয়েছে, এতে মূলত চারটি উপাদান থাকবে, যথাঃ black or colored pigment, natural resins or synthetic polymers, solvent or oil, additive ইত্যাদি। আমদানিকারকের সরবরাহকৃত Material Safety Data Sheet অনুযায়ী, আমদানিতব্য পণ্যটি Polyacrylate (যা binder), Rutile (TiO2) (যা Pigment), Water (যা solvent) and Parafin waxes, hydrocarbon waxes, Propane-1,2-diol, polyacrylate thickener, ammonia, aqueous solution ( যা additive) প্রভৃতি উপাদান দ্বারা গঠিত। সুতরাং, দেখা যাচ্ছে, আমদানিতব্য পণ্যে Polyacrylate এর অতিরিক্ত pigment, solvent এবং additive আছে। এমতাবস্থায় page VII-39-11 এর নির্দেশনা অনুসারে পণ্যটির বর্ণনা primary form এর তুলনায় হেডিং 32.15 তে শ্রেণিবিন্যাসযোগ্য পণ্যের বর্ণনার সাথে অধিকতর মিলে যাচ্ছে । ফলে আমদানিতব্য পণ্যটি চাহিত এইচ এস কোড 3906.90.00 তে শ্রেণিবিন্যাসিত হবে না বরং এইচ এস কোড 3215.90.90 তে শ্রেণিবিন্যাসিত হবে।

কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৫.০১.২০২৩
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৮/ ১৫(২৭) তারিখ: ১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। সত্বাধিকারী, Friend International, Abid Poribar, Police Line, Fatullah, Narayanganj.
২৭। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

(মুকিতুল হাসান)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com